**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 14.06.2026** **Desk in Charge: Susmita M.**
**Time: 1-30 PM** **Edit. & Compile: Partha P. M.**
**DEO: KB** **NRT : Partha P. M.**

**Announcement :- আকাশবাণী /খবর পড়ছিঃ-**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ফরাসী রাষ্ট্রপতি ইম্যানুয়েল ম্যাক্রোঁ আজ ফ্রান্সের নিসে ভারত ইনোভেটসের সূচনা করবেন।

২/ ফ্রান্স-এর জি-সেভেন সম্মেলনে আগামী সপ্তাহে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বিশ্বের অন্যান্য নেতাদের সঙ্গে বৈঠকে যোগ দেবেন।

৩/ প্রধানমন্ত্রী বলেছেন, ১২ বছরে ভারত চিকিৎসা ক্ষেত্রকে উন্নত, সাশ্রয়ী, এবং সহজলভ্য করে তুলতে নিরন্তর প্রচেষ্টা চালাচ্ছে ।

৪/ নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ বিশ্ব রক্তদাতা দিবস উদযাপন করা হচ্ছে।

৫/ মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প, ইরানের সঙ্গে সংঘর্ষ বিরতির লক্ষ্যে আজ একটি চুক্তি স্বাক্ষরিত হবে বলে জানিয়েছেন । এরপরই খুলে যাবে হরমুজ প্রণালী।

৬ / মহিলাদের T-20 ক্রিকেট বিশ্বকাপে ভারত আজ চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের বিরুদ্ধে ম্যাচ দিয়ে তাদের অভিযান শুরু করছে।

*************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদেশের সফরের প্রথমদিনে আজ ফ্রান্সের নিসে পৌঁছেছেন। এই সফরে তিনি ফরাসী রাষ্ট্রপতি ইম্যানুয়েল ম্যাক্রোঁ-র সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন এবং পরে ভারত ইনোভেটসের সূচনা করবেন। বিশেষ আমন্ত্রিত হিসাবে তাঁর জি সেভেন সম্মেলনেও যোগ দেওয়ার কথা।

এদিন সেদেশের ভারতীয় সম্প্রদায়, প্রধানমন্ত্রীকে নেগ্রেসকো হোটেলে এক অনুষ্ঠানের মাধ্যমে স্বাগত জানায়। ফরাসী ও ইটালীয় নৃত্য শিল্পীরা ভারতীয় নৃত্য শৈলী পরিবেশন করেন।

সফরের পরবর্তী পর্যায়ে আজই তিনি স্লোভাকিয়ায় যাবেন। সেদেশের ব্রাতিস্লাভায় প্রধানমন্ত্রী স্লোভাকিয়ার রাষ্ট্রপতি পেলিগ্রিনি ও প্রধানমন্ত্রী ফিকো-র সঙ্গে দেখা করবেন।

চলতি মাসের ১৬ এবং ১৭ তারিখে তিনি ফ্রান্সের এভিয়ানে, জি-সেভেন শীর্ষ সম্মেলনে যোগ দেবেন। এই নিয়ে পর পর ৮টি জি-সেভেন বৈঠকে ভারতকে ডাকা হল, যা এদেশের প্রতি অংশীদার দেশগুলির বিশ্বাসকে তুলে ধরে বলে প্রধানমন্ত্রী সোশ্যাল মিডিয়ায় মন্তব্য করেছেন।

**********************

স্লোভাকিয়ায় নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত অপূর্বা শ্রীবাস্তব বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্লোভাকিয়া সফর দুই দেশের মধ্যে সহযোগিতার নতুন দিগন্ত উন্মোচন করবে এবং অর্থনৈতিক সম্পর্ক আরও সুদৃঢ় করতে সহায়তা করবে। স্লোভাকিয়ার ব্রাতিস্লাভায় আকাশবাণীর প্রতিনিধির সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন।

(ভিসি - রাষ্ট্রদূত)

************************

ফ্রান্সে নির্ধারিত জি-সেভেন সম্মেলনে আগামী সপ্তাহে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বিশ্বের অন্যান্য নেতাদের সাথে বৈঠকে বসবেন বলে হোয়াইট হাউসের পক্ষ থেকে জানানো হয়েছে। ট্রাম্প প্রশাসনের একজন শীর্ষ কর্মকর্তা জানিয়েছেন, এই বৈঠকে মূলত অর্থনৈতিক উন্নতি, পণ্য সরবরাহ ব্যবস্থা, কৃত্রিম বুদ্ধিমত্তা, যৌথ বিনিয়োগ এবং বিশ্ব নিরাপত্তার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে আলোচনা হতে পারে। আগামী বুধবার জি-সেভেন গোষ্ঠীভুক্ত দেশের নেতা, আমন্ত্রিত সহযোগী রাষ্ট্র এবং প্রযুক্তি ক্ষেত্রের শীর্ষ কর্তাদের সঙ্গে মধ্যাহ্নভোজে যোগ দেবেন ট্রাম্প। তবে তার ঠিক আগেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে একটি দ্বিপাক্ষিক বৈঠক করার কথা রয়েছে মার্কিন রাষ্ট্রপতির।

************************

ভারতের দীর্ঘতম সময় ধরে দায়িত্ব পালনকারী প্রধানমন্ত্রী হওয়ার প্রেক্ষিতে সার্বিয়ার রাষ্ট্রপতি আলেকজান্ডার ভুচিকের শুভেচ্ছা বাররাত্র জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় শ্রী মোদী রাষ্ট্রপতি ভূচিককে তাঁর আন্তরিক শুভেচ্ছার জন্য ধন্যবাদ জানান। তিনি সার্বিয়ার রাষ্ট্রপতির সাম্প্রতিক ভারত সফর এবং সেই সফরে অনুষ্ঠিত ফলপ্রসূ আলোচনার কথাও স্মরণ করেন। শ্রী মোদী বলেন, ভারত সার্বিয়ার সঙ্গে বন্ধুত্বকে অত্যন্ত গুরুত্ব দেয়। আগামী দিনগুলোতে উভয় দেশের মধ্যকার অংশীদারিত্ব আরও সুদৃঢ় হবে বলেও তিনি মন্তব্য করেছেন।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত ১২ বছরে ভারত চিকিৎসা ক্ষেত্রকে উন্নত, উৎকর্ষ, সাশ্রয়ী এবং সহজলভ্য করে তুলতে নিরন্তর প্রচেষ্টা চালিয়েছে। সমাজ মাধ্যমের এক পোস্টে শ্রী মোদী বলেন, দেশের প্রান্তিক মানুষদের উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে,বিশ্বের সর্ববৃহৎ স্বাস্থ্য সেবা কর্মসূচি,"আয়ুষ্মান ভারত"-কর্মসূচি দেশবাসীকে গর্বিত করে। তিনি বলেন,পিএম ভারতীয় জন ঔষধী পরিযোজনা'র মতন কর্মসূচির মাধ্যমে সাধারণ মানুষের কাছে ওষুধ সহজলভ্য হয়েছে। স্টেন্ট এবং হাঁটু প্রতিস্থাপনের খরচ বর্তমানে অনেকটাই হ্রাস পেয়েছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন,এর ফলে বহু মানুষ উপকৃত হচ্ছেন। মেডিক্যাল শিক্ষাও বর্তমানে অনেকটাই সহজ হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বেড়েছে,বেড়েছে আসনও। স্বাস্থ্যকর ভারত গঠনে সরকার প্রতিনিয়ত কাজ করে চলেছে বলে শ্রী মোদী উল্লেখ করেন।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত দশকে ভারতের স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে এক রূপান্তরমূলক পরিবর্তন দেখা গেছে বলে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করিমন্তব্য করেছেন। তিনি বলেন, সমস্ত নাগরিকের জন্য সুলভ এবং সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য পরিষেবা নিশ্চিত করার উপর জোর দেওয়া হয়েছে। আজ সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রীগড়করি বলেন সরকারের ফ্ল্যাগশিপ স্বাস্থ্যসেবা প্রকল্প গুলি দেশের স্বাস্থ্য পরিকাঠামোকে যথেষ্ট শক্তিশালী করেছে এবং সুস্থ ভারতের দৃষ্টিভঙ্গিকে উন্নত করেছে। মন্ত্রী উল্লেখ করেন , আয়ুষ্মান ভারত প্রকল্প সারা দেশে লক্ষ লক্ষ সুবিধাভোগীকে নগদহীন স্বাস্থ্য পরিষেবা প্রদান করেছে এবং এখন প্রবীণ নাগরিকরাও এর থেকে সুবিধা পাচ্ছেন। জন ঔষধি কেন্দ্রগুলি সুলভ মূল্যে উন্নতমানের ওষুধ সরবরাহ করছে। ডিজিটাল স্বাস্থ্য পরিষেবা চিকিৎসার সুযোগ বৃদ্ধি

করেছে। অন্যদিকে স্বচ্ছ ভারত মিশন, ই-সঞ্জীবনী, পরিচ্ছন্নতার মত বিষয় গুলি প্রচার মাধ্যমের মধ্য দিয়ে স্বাস্থ্য পরিষেবায় অবদান রেখেছে।

***********************

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা বলেছেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে ভারত স্বাস্থ্য ক্ষেত্রে অভূতপূর্ব উন্নতি করেছে। সমাজ মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, আয়ুষ্মান ভারত, আয়ুষ্মান আরোগ্য মন্দিরের মতন উদ্যোগের মাধ্যমে উন্নত চিকিৎসা প্রান্তিক মানুষদের কাছে পৌঁছানো সম্ভব হয়েছে।

***********************

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা--ইসরোর চেয়ারম্যান ভি নারায়াণান জানিয়েছেন, পারমানবিক শক্তি দপ্তরের সঙ্গে যৌথভাবে তারা এমন একটি হিটিং সিস্টেম বা তাপ নির্গমন যন্ত্র বানিয়েছেন, যাতে চাঁদে অত্যন্ত ঠান্ডা আবহাওয়াতেও মাহাকাশ যানকে উষ্ণ রাখা যায়। গতকাল ইসরোর চেয়ারম্যান ব্যাঙ্গালুরুতে একটি বৈঠকে বলেন, চন্দ্রযান থ্রি অভিযানের ল্যান্ডার **বিক্রম** পুরোপুরি সৌর শক্তি চালিত। কিন্তু তা চাঁদের ওপর কেবলমাত্র ১৪ দিন সক্ষম থাকতে পারে। এবারে যে তাপ নির্গমন যন্ত্র বানানো হচ্ছে, তার মাধ্যমে ল্যান্ডারটি অন্তত দুশো দিন চাঁদের অতি শীতল পরিস্থিতিতে ঠিকঠাক কাজ করতে পারবে।

***********************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিশ্ব রক্তদাতা দিবস পালন করা হচ্ছে। মানুষের প্রাণ বাঁচানোর জন্য রক্তদানে উৎসাহিত করাই দিনটি পালনের মূল লক্ষ্য। রক্তের গ্রুপ আবিষ্কারক,চিকিৎসক, গবেষক ল্যান্ড স্টেইনার-এর জন্মদিনের স্মরণে দিনটি পালিত হয়ে থাকে।
এই উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা,জীবন বাঁচাতে স্বেচ্ছায় রক্তদানের আহ্বান জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক পোস্টে শ্রী নাড্ডা বলেন, রক্তদানের মাধ্যমে কোনও মানুষের দ্বিতীয় জীবন লাভের সম্ভাবনা তৈরী হয়। তিনি রক্তদানের উপকারিতা বিষয়ে সচেতনতা বাড়ানোর উপর গুরুত্ব দেন।

"রক্তদান,মানবিকতার এক ফোঁটা", শীর্ষক এই বছরের রক্তদান দিবসের মূল ভাবনা'কে তুলে ধরে শ্রী নাড্ডা বলেন,প্রতিটি রক্তদাতার জীবন বাঁচানোর শক্তি রয়েছে। স্বাস্থ্যকর সমাজ গঠনে রক্তদান করে প্রতিটি নাগরিকের সমর্থেনর আহ্বান জানান তিনি।

***********************

মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সাথে যুদ্ধ অবসানের লক্ষ্যে আজ একটি চুক্তি স্বাক্ষরিত হবে এবং এরপরই কৌশলগত গুরুত্বসম্পন্ন হরমুজ প্রণালী "সকলের জন্য উন্মুক্ত" করে দেওয়া হবে।

উল্লেখ্য এর আগে পাকিস্তান ইঙ্গিত দিয়েছিল, এ ধরনের একটি চুক্তি সম্পাদনের জন্য অনেকদূর কথাবার্তা এগিয়েছে। ঠিক তার কয়েক ঘন্টা পরেই ট্রাম্প এই মন্তব্য করেন। তবে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর চুক্তি স্বাক্ষরের বিষয়টি অস্বীকার করেছে; তারা জানিয়েছে যে চুক্তির কাঠামো "এখনও চূড়ান্ত হয়নি" এবং এ দিনটি নিয়ে ট্রাম্পের "অস্বাভাবিক জেদ"-এর সমালোচনা করেছে।

***********************

ইরানের কর্তৃপক্ষ প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনির শেষকৃত্য অনুষ্ঠান, শোকযাত্রা ও দাফন-এর সময়সূচি ঘোষণা করেছে। ইরানের বার্তা সংস্থার তথ্য অনুযায়ী, প্রয়াত খামেনির বিদায় অনুষ্ঠান ৪ ও ৫ জুলাই তেহরানের ইমাম খামেনি প্রার্থনা ময়দানে অনুষ্ঠিত হবে। আগামী মাসের ৬ তারিখে তেহরানে শোকযাত্রা অনুষ্ঠিত হবে। এরপর ৭ জুলাই পবিত্র শহর কোমে এবং ৯ জুলাই মাশহাদে বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পন্ন হবে। ৯ জুলাই মাশহাদের ইমাম রেজার পবিত্র মাজারে তাঁকে সমাহিত করা হবে। এদিকে, সংঘাত শুরুর এক বছর পূর্তি উপলক্ষে ইরানের শীর্ষ আলোচক ও পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাকের গালিবাফ যুদ্ধের সময় বেসামরিক নাগরিক ও শিশুদের লক্ষ্যবস্তু বানানোর জন্য যুক্তরাষ্ট্র ও ইজরায়েলকে অভিযুক্ত করেছেন।

***********************

পাকিস্তান অধিকৃত কাশ্মীর উপত্যকায় সাধারণ মানুষের প্রতিবাদ ক্রমশ বেড়ে চলেছে। ইসলামাবাদ প্রতিবাদীদের সঙ্গে আলোচনায় বসতে চাইলেও জয়েন্ট আওয়ামি অ্যাকশন কমিটি সেই প্রস্তাব নাকচ করে দিয়েছে। তারা জানিয়েছে, এসব আলোচনায় কোনো ফল হওয়ার

সম্ভাবনা নেই। অ্যাকশন কমিটি আরও বলেছে, এর আগেও বহুবার আলোচনা হয়েছে। কিন্তু পাক কর্তৃপক্ষ প্রতিশ্রুতি দিয়েও পরে সবকিছু অস্বীকার করেছে। তারা আরও জানায়, ইসলামাবাদের একমাত্র লক্ষ্য হল অধিকৃত কাশ্মীরের নিয়ন্ত্রণ পুরোপুরি হাতে তুলে নেওয়া।

************************

মহিলাদের টি -২০ বিশ্বকাপে ভারত আগামীকাল প্রথম ম্যাচে চির প্রতিদ্বন্দ্বী পাকিস্তানের বিরুদ্ধে খেলবে। এজবাস্টনে খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা ৭ টায়।

******************************************************************